টর ব্রাউজার - টরফোন - ইরেজার - ট্রুক্রিপ্ট ও অন্যান্য

১। টর ব্রাউজারঃ

ক) ডাউনলোড ও ইনষ্টলঃ

প্রথমে www.torproject.org/download/download.html.en এই এড্রেস থেকে নীচের ছবির মতো Microsoft Windows এ ক্লিক করুন।

তারপর আপনার অপারেটিং সিষ্টেম সিলেক্ট করে ডাউনলোড বাটনে ক্লিক করুন।

এরপর ডাউনলোডকৃত ফাইল ক্লিক করে টর ব্রাউজার ইনষ্টল করুন।

ভাষা হিসেবে ইংরেজী বাছাই করুন।

তারপর টর ব্রাউজারের জন্য একটা নির্দিষ্ট জায়গা বাছাই করুন। C ড্রাইভে যেকোন ধরনের ফাইল না রাখাই নিরাপদ হবে।

ব্যাস, আপনার টর ব্রাউজার ইনষ্টল হয়ে গেলো।

খ) <u>নিজের নতুন আইপি দেখাঃ</u>

আপনার সাধারণ ব্রাউজারে (ইন্টারনেট এক্সপ্লোরার অথবা মজিলা অথবা ফায়ার ফক্স) www.ip2nation.com এড্রেস এ গেলে আপনার আসল আইপি দেখতে পারবেন।

এখন টর ব্রাউজার চালু করুন। এর জন্য টর এর ফোল্ডারের ভিতর গিয়ে Strat Tor Browser.exe তে ডাবল ক্লিক করুন।

একসময় টর ব্রাউজার চালু হবে।

ব্রাউজার পুরোপুরি রেডি হয়ে গেলে Congratulations পেইজ দেখাবে।

এখন ব্রাউজারের উপরের বারে রাইট ক্লিক করে Menu Bar অপশন কে এনাবল করে দিন। তাহলে বিভিন্ন অপশনে যেতে সুবিধা হবে।

এখন www.ip2nation.com এড্রেস এ যান। দেখবেন, আপনার নিজস্ব আইপি না দেখিয়ে, অন্য কোন আইপি দেখাচ্ছে। এটা হচ্ছে টর এর শেষ সার্ভার এর আইপি।

গ) **<u>হোম পেইজ সেট করাঃ</u>**

এর জন্য মেনু থেকে Tools মেনু থেকে Options সিলেক্ট করুন।

এবং Use Current Page এ ক্লিক করে Home page হিসেবে এই পেইজকে সেট করে দিন।

এখন যে কোন সময় টর চালু হলে আপনার নতুন আইপি সাথে সাথে দেখা যাবে।

ঘ) <u>নির্দিষ্ট দেশের আইপি ব্যবহার করাঃ</u>

বিভিন্ন কারণে আপনার নির্দিষ্ট দেশের আইপি ব্যবহার করতে হতে পারে। যেমনঃ টর ফেসবুক চালনার সময় নির্দিষ্ট একটি আইপি দিয়ে না চালালে সেই আইডি ব্লক করে দেয়। এর জন্য টর ফোল্ডারের ভিতর Data ফোল্ডারের ভিতর Tor এ যান। এর ভিতর torrc-defaults নামে একটি ফাইল পাবেন।

সেটাতে ডাবল ক্লিক করুন। এরপর একে ওয়পেন করার জন্য নোটপেড সিলেক্ট করে দিন।

এই ফাইলের একদম শেষে নীচের লাইনগুলি লিখে দিন।

ExitNodes {FR}

StrictExitNodes 1

তারপর ফাইলটি সেইভ করে আপনার টর ব্রাউজারটা বন্ধ করে পুনরায় চালু করুন।

এখন আপনি শুধু ফ্রান্সের বিভিন্ন আইডি দিয়ে কাজ করতে পারবেন। এইভাবে যেকোন নির্দিষ্ট দেশের কোড দিয়ে দিলে শুধুমাত্র সেই দেশের আইপি ব্যবহার করা যায়।

বিশ্বের বিভিন্ন দেশের কান্ট্রি কোড পাবেন এই এড্রেস এঃ

এছাড়া নির্দিষ্ট কোন আইপি ব্যবহার করার জন্য আপনি নীচের লাইনগুলো সেট করে দিতে পারেন।

ExitNodes 54.32.156.182, 146.188.130.30

StrictExitNodes 1

এখন আপনি শুধুমাত্র এই দুইটি আইপি ব্যবহার করতে পারবেন।

নোটঃ উপরোক্ত উপায়ে কাজ করার সময় যদি ওই নির্দিষ্ট সার্ভার বন্ধ থাকে অথবা ঐ দেশের কোন সার্ভার তখন অন না থাকে, তাহলে আপনার টর ব্রাউজার চালু হবে না।

1. type in address bar- about:config

2. yes to discard warning

a.type in the search bar following and change it's original value

preference name-------------------------value change to-----benefit

geo.enabled ----------------------------false--------------to disable geolocation

network.websocket.enabled----------------false---------------to stop DNS leakage

geo.wifi.uri----------------------------localhost----------to disable geolocation

network.dns.disableIPv6------------------true----------------to stop delay when to a IPv6 capable DNS server a IPv4 adress is given

network.http.pipelining.maxrequests------15-30---------------to increase no. of simultaneous equation

dom.storage.enabled----------------------false---------------to hidden flash-cookie which you could not simply clean up

২। **টরফোনঃ**

টর নেটওয়ার্কের ভিতর দিয়ে নিজেই আইপি গোপন রেখে ভয়েস চেট এ কথা বলার একটা উপায় হচ্ছে টরফোন।

ক) **ইনষ্টল করাঃ**

এর জন্য প্রথমে আপনাকে Vidalia Control Panel ডাউনলোড করতে হবে। কারণ টর এর নতুন ভার্সন এ এটা যুক্ত থাকে না। এর এর জন্য নীচের এড্রেস এ যান।

people.torproject.org/~erinn/vidalia-standalone-bundles/vidalia-standalone-0.2.21-win32-1_en-US.exe

এবং ফাইলটি ডাউনলোড করুন।

এখন টর ব্রাউজার চালু করুন। কারণ টর ব্রাউজার ছাড়া এটা চালু হবে না। এখন Vidalia control panel চালু করুন।

অন হবার পর এটা নীচের মতো দেখাবে।

এখন Start Tor বাটনে ক্লিক করে Vidalia Control Panel অন করুন। অন হলে তা নীচের মতো দেখাবে। এবার Settings বাটনে ক্লিক করুন।

এখন Services ট্যাব এ যান। এবং ডান দিকের সবুজ + চিহ্ন তে ক্লিক করে নতুন সার্ভিস যোগ করুন।

1. নতুন সার্ভিসের বিভিন্ন ভেলু নীচের ছবির মতো লিখে দিন। তারপর ওকে বাটনে ক্লিক করুন। টর নিজে থেকে একটি ওনিওন এড্রেস তৈরী করবে।

এর ফলে আপনার সি ড্রাইভে একটি ফোল্ডার তৈরী হবে torfone নামে।

এখন torfone.org এড্রেস থেকে TORFone V1.1br Bundle ডাইনলোড করুন। এটা পেইজের নীচে-ডান দিকে আছে।

এরপর ফাইলটি উইনরার এর মাধ্যমে এক্সট্রাক্ট করুন। (উইনরার এর টিটোরিয়াল নীচে দেয়া আছে)।
এখন নীচের ছবির মতো টরফোন এর ফোল্ডারের ভিতর PGPfone.exe তে ক্লিক করুন।

এখন Vidalia Control Panel – Setttings – Services পাতায় গিয়ে নীচের ছবির মতো আপনার তৈরীকৃত সার্ভিসে ক্লিক করে সেটাকে সিলেক্ট করুন। তারপর কপি বাটনে ক্লিক করে আপনার টরফোন এড্রেস কপি করুন।

এই এড্রেস এখন আপনার বন্ধুকে পাঠিয়ে দিতে পারেন। উনি টরফোনে এই এড্রেস দিয়ে আপনাকে কল দিতে পারবেন।

খ) <u>টরফোনে কল করাঃ</u>

এখন আপনি আপনার বন্ধুকে কল দেয়ার জন্য উনার এড্রেস কপি করে নীচের ছবির মতো টরফোনের এড্রেসবারে পেষ্ট করুন। তারপর Connect বাটনে ক্লিক করুন।

কানেক্ট হতে একটু সময় নিবেন। ব্যস, এখন আপনি নিরাপদে আপনার বন্ধুর সাথে কথা বলতে পারেন।

৩। <u>ইরেজারঃ</u>

যেকোন ফাইল ডিলিট করার পরও আবার সেটা উদ্ধার করা সম্ভব। যদি আমরা কোন গুরুত্বপূর্ন ফাইলকে এমনভাবে ডিলিট করতে চাই যা আবার উদ্ধার করা যাবে না, তাহলে ইরেজার ব্যবহার করা একটা সহজ উপায়।

এর জন্য নীচের এড্রেস এ গিয়ে ইরেজার সফট ডাউনলোড করুন।

sourceforge.net/projects/eraser/files/Eraser%206/6.0.10/Eraser%206.0.10.2620.exe/download

এবার ইনষ্টল করার জন্য ডাউনলডকৃত ফাইল এ ক্লিক করুন।

এখন Next ক্লিক করুন। এইভাবে বিভিন্ন স্ক্রীন আসবে। প্রত্যেকবার Next ক্লিক করে ডিফল্ট অপশন সিলেক্ট করে দিন। এভাবে ইরেজার ইনষ্টল করুন।

এখন যেকোন ফাইলকে নিরাপদভাবে ডিলিট করার জন্য ঐ ফাইলের উপর রাইট ক্লিক করুন। দেখবেন নীচের ছবির মতো Erase লিখা একটি অপশন আসবে।

এটাতে ক্লিক করুন। তারপর নীচের স্ক্রীন আসবে। এই স্ক্রীনে Options এ ক্লিক করুন।

এখন উক্ত ফাইলটি কতবার ডিলিট করতে চাচ্ছেন, তা সিলেক্ট করুন। এবং ওকে বাটনে ক্লিক করুন। একবার যে সংখ্যা সিলেক্ট করে দেয়া হয়, এরপর থেকে সে অনুযায়ী কাজ চলতে থাকে পুনরায় পরিবর্তনের আগ পর্যন্ত।

এরপর ইয়েস বাটনে ক্লিক করলে ফাইলটি ততবার ডিলিট হয়ে যাবে।

এইভাবে যেকোন ফোল্ডারে রাইট ক্লিক করে পুরো ফোল্ডারও নিরাপদভাবে ডিলিট করা যায়।

৪। <u>ট্রুক্রিপ্টঃ</u>

বিভিন্ন গুরুত্বপূর্ণ ফাইল গোপন করে রাখার জন্য ট্রুক্রিপ্ট একটা ভালো উপায়। এতে একটি ফাইলের ভিতর একটি কন্টেইনার বা গোপন ড্রাইভ তৈরী করা হয়। তারপর সেই কন্টেইনার / ড্রাইভে সকল গোপন ফাইল রাখা যায়। দরকার মতো সেই কন্টেইনার / গোপন ডাইভ ওপেন করা যায়। আবার বন্ধ করে দেয়া যায়।

ক) <u>ডাউনলোড ও ইনষ্টলঃ</u>

প্রথমে www.truecrypt.org/downloads এই এড্রেসে গিয়ে ট্রুক্রিপ্ট ডাউনলোড করুন।

এরপর লাইসেন্ট এক্সেপ্ট করুন।

এরপর নীচের ছবির মতো Extract অপশন সিলেক্ট করুন।

এরপর দুইটি ওয়ার্ণিং আসবে, সেগুলোতে ইয়েস ক্লিক করুন।

এরপর ট্রুক্রিপ্টের জন্য নির্দিষ্ট জায়গা সিলেক্ট করে দিন। ও Extract এ ক্লিক করুন।

একসময় সফলভাবে ট্রুক্রিপ্ট ইনষ্টল হবে।

খ) <u>কন্টেইনার বা গোপন ড্রাইভ তৈরীঃ</u>

এর জন্য ট্রুক্রিপ্ট ফোল্ডারের ভিতরে True Crypt Format.exe ফাইল ওপেন করুন।

এখন Create Volume এ ক্লিক করুন।

প্রথম অপশনটি সিলেক্ট অবস্থায় থাকবে। next ক্লিক করুন।

এরপর Standard TrueCrypt volume সিলেক্ট অবস্থায় থাকবে। Next ক্লিক করুন।

এখন কন্টেইনারের জায়গা ও নাম সিলেক্ট করে দিতে হবে। Select File এ ক্লিক করুন।

এরপর আপনার নির্দিষ্ট জায়গা সিলেক্ট করে কন্টেইনারের একটি নাম দিন। উল্লেখ্য কন্টেইনারের সাইজ অনুযায়ী নাম হলে ভালো হয়। যেমনঃ বড় হলে myado.mp3, myvdo.mpeg, myvdo.mp4 ইত্যাদি এক্সটেনশন হলে ভালো। আর ছোট হলে myfile.doc, myfile.pdf ইত্যাদি দেয়া যায়। এরপর Save বাটনে ক্লিক করুন।

এরপর এনক্রিপশন অপশন আসবে। ডিফল্ট অপশন রেখে Next ক্লিক করুন।

এরপর কন্টেইনারের সাইজ সিলেক্ট করুন। প্রয়োপজন থেকে একটু বেশী জায়গা রাখুন।

Volume Size

1 KB MB GB

Free space on drive D:\ is 846.56 MB.

Please specify the size of the container to create.

If you create a dynamic (sparse-file) container, this parameter will specify its maximum size.

Note that the minimum possible size of a FAT volume is 275 KB.
The minimum possible size of an NTFS volume is 2829 KB.

Help | < Prev | Next > | Cancel

এরপর কন্টেইনার / গোপন ড্রাইভের পাসওয়ার্ড নির্ধারণ করুন।

Volume Password

Password:

Confirm:

Display password

Use keyfiles

Keyfiles...

It is very important that you choose a good password. You should avoid choosing one that contains only a single word that can be found in a dictionary (or a combination of 2, 3, or 4 such words). It should not contain any names or dates of birth. It should not be easy to guess. A good password is a random combination of upper and lower case letters, numbers, and special characters, such as @ ^ = $ * + etc. We recommend choosing a password consisting of more than 20 characters (the longer, the better). The maximum password length is 64 characters.

Help | < Prev | Next > | Cancel

এরপর ফরমেট বাটনে ক্লিক করুন।

ব্যস, আপনার ট্রুক্রিপ্ট কন্টেইনার বা গোপন ড্রাইভ তৈরী হয়ে গেলো।

এখন যদি আর কোন কন্টেইনার তৈরী করতে না চান, তাহলে এক্সিট ক্লিক করুন।

গ) কন্টেইনার বা গোপন ড্রাইভ ওপেন করাঃ

এর জন্য প্রথমে Truecrypt ফোল্ডার থেকে TrueCrypt.exe ফাইল ওপেন করুন।

এরপর যে স্ক্রীন আসবে সেটা থেকে নীচের ছবির মতো যেকোণ একটি ভলিউম / ড্রাইভ লেটার সিলেক্ট করুন।

এরপর সিলেক্ট ফাইল বাটনে ক্লিক করুন।

এখন আপনার ট্রুক্রিপ্ট কন্টেইনার ফাইল সিলেক্ট করার অপশন আসবে। আপনার কন্টেইনার ফাইল সিলেক্ট করুন ও ওপেন ক্লিক করুন।

এরপর Mount বাটনে ক্লিক করুন।

এখন কন্টেইনারের পাসওয়ার্ড দিতে হবে।

পাসওয়ার্ড সঠিক হলে নীচের ছবির মতো, কন্টেইনারের বিস্তারিত নীচের ছবির মতো দেখাবে।

এবং আপনার কম্পিউটারে নতুন একটি ড্রাইভ আসবে। এটাই আপনার গোপন ড্রাইভ।

ঘ) **<u>গোপন ড্রাইভ বন্ধ করাঃ</u>**

এখন এই ড্রাইভের কাজ শেষে ড্রাইভটি বন্ধ করার জন্য নীচের ছবির মতো ঐ ড্রাইভটি সিলেক্ট করুন। তারপর নীচে Dismount বাটনে ক্লিক করুন।

নোটঃ আপনার ফাইল কন্টেইনার যদি কেউ ভুলে ডিলিট করে ফেলে, তাহলে আপনার সকল গুরুত্বপূর্ণ ফাইল হাইয়ে যেতে পারে। এরজন্য গুরুত্বপূর্ণ ফাইলগুলি এখটি ছোট কন্টেইনারে রেখে সেটাকে নেট এ আপলোড করে রাখতে পারেন।

৫। **ফাইলের এস্টেনশন বা ফাইল টাইপ পরিবর্তনঃ**

যে কোন ফাইল লিকিয়ে রাখার জন্য ফাইলের এক্সেটেনশন পরিবর্তন করা একটা সহজ উপায়। এতে আপনার কোন গুরুত্বপূর্ন ফাইল অনাকাংখিত কারো হাতে পরলেও সহজে সে বুঝতে পারবে না, সেটাতে কি আছে।

সাধারণত উনিন্ডোজে ফাইল এক্সেনশনে পরিবর্তনের অপশন দেয়া থাকে না। যেমনঃ নীচের ছবির মতো।

এই ফাইলগুলোর টাইপ পরিবর্তনের জন্য আগে ফাইল এক্সেনশন দেখতে হবে। এর জন্য যেকোন উইন্ডোতে উপরে ডান দিকে Organize বাটনে ক্লিক করুন। এবং এর মেনু থেকে Folder and Search Options এ ক্লিক করুন।

এখন View ট্যাব সিলেক্ট করে Hide extensions of known File Types এর পাশে থাকা টিক চিহ্নটি তুলে দিন। এরপর ওকে বাটন ক্লিক করুন।

এখন আপনার সকল ফাইলের নামের সাথে এর এক্সটেনশন দেখা যাবে।

এখন যে ফাইলের টাইপ পরিবর্তন করতে চাচ্ছেন, তার উপর রাইট ক্লিক করে Rename এ ক্লিক করুন। ও কাংখিত এক্সটেনশন লিখে দিন।

এরপর কনফার্মেশন চাইলে ইয়েস ক্লিক করুন।

ব্যস, আপনার টেক্সট ফাইল এখন পিডিএফ ফাইল হয়ে গেলো।

এখন এই ফাইলে খুলার চেষ্টা করলে, সেটা আর ওপেন হবে না।

নোটঃ কেউ যদি ফাইলটি ওপেন করতে গিয়ে ওপেন হচ্ছে না দেখে ডিলিট করে দেয়, তাহলে আপনার গুরুত্বপূর্ণ ফাইল হারিয়ে যেতে পারে।

৬। **উইনরারঃ**

উইনরার একটি গুরুত্বপূর্ন সফটওয়ার। নেট এ অনেক গুরুত্বপূর্ণ ফাইল আর্কাইভ করা থাকে। অর্থাৎ এক বা একাধিক ফাইল একসাথে বান্ডেল অবস্থায় ও কম্প্রেস করা অবস্থায় থাকে। এগুলো ওপেন করার জন্য উইনরার একটি উপায়।

ক) **ডাউনলোড ও ইনষ্টলঃ**

এর জন্য www.win-rar.com/download.html?&L=0 এড্রেস থেকে উইনরার ডাউনলোড করুন।

If you don't know what you are looking for then you are probably looking for this:

WinRAR 5.01 32bit

এরপর ডাউনলোডকৃত ফাইলে ক্লিক করে তা ইনষ্টল করুন। নীচের স্ক্রীন আসলে Install ক্লিক করুন।

এরপর কোন কোন ধরনের ফাইল উনিনরার দিয়ে চালানো হবে, তা নির্ধারণ করুন। অথবা সরাসরি ওকে ক্লিক করুন।

এরপর ইনষ্টল শেষ হবার মেসেজ আসবে। তখন Done ক্লিক করুন।

খ) **<u>ফাইল আর্কাইভ করাঃ</u>**

এর জন্য এক বা একাধিক ফাইল সিলেক্ট করে সেই ফাইলগুলোর উপর রাইট ক্লিক করুন। নীচের ছবির মতো Add to Archive একটা অপশন আসবে। সেটাতে ক্লিক করুন।

এবার আপনার আর্কাইভের পছন্দ মতো নাম দিন। এরপর ওকে চাপুন। আর আর্কাইভে পাসওয়ার্ড দিতে চাইলে Set Password এ ক্লিক করুন।

তখন পাসওয়ার্ড দেয়ার অপশন আসবে। পাসওয়ার্ড দিয়ে দিন। এবং ওকে ক্লিক করুন।

গ) **আর্কাইভ ফাইল দেখাঃ**

এর জন্য যে রার / আর্কাইভ ফাইল নিয়ে আপনি কাজ করতে চাচ্ছেন, তার উপর রাইট ক্লিক করুন। তাহলে নীচের মতো ৩টি অপশন দেখতে পাবেন।

Extract File: এটাতে ক্লিক করলে আপনি যে ফোল্ডারে সকল ফাইল এক্সট্রাক্ট হবে, তার নাম ও স্থান পছন্দ করে দিতে পারবেন।

Extract Here: এটাতে ক্লিক করলে বর্তমান ফোল্ডারে সকল ফাইল আর্কাইভ থেকে এক্সট্রাক্ট করা হবে।

Extract to .... এটাতে ক্লিক করলে যে ফোল্ডারের নাম দেয়া আছে, সেই ফোল্ডারে সকল ফাইল এক্সট্রাক্ট হবে।

৭। <u>পিজিপি ও উইনপিটিঃ</u>

এটা হচ্ছে বিখ্যাত পিজিপি এলগরিদম ব্যবহার করে মেসেজ / ফাইল এনক্রিপ্ট-ডিক্রিপ্ট করার একটা সফটওয়্যার।

ক) ডাউনলোড ও ইনষ্টলঃ

http://winpt.wald.intevation.org/download.html

Key Generation - Progress Dialog
....+++++..+++++..

GnuPG Status
Key Generation completed
OK

Windows Privacy Tray v1.5.3
Customize...
EN
7:13 AM

খ)	মেসেজ পাঠানো ও রিসিভ করাঃ

গ)	ফাইল পাঠানো ও রিসিভ করাঃ